

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১১.০০১.২২- ২৮-৪৬

তারিখ: ২৫.০২.২০২৪ খ্রি.

নিয়োগ সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব কাঠামোভুক্ত ১২টি ক্যাটাগরির ২২৩৭টি শূন্য পদে জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করত: চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের পর্যায়ক্রমে নিয়োগ প্রদান করা হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭-০৪-২০২৩খ্রি. তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০. ১১.০১৬.২২-৯৬ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুধাবন ও অনুসরণ করে প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা হতে যথাসময়ে সরকারি বিধি-বিধান অনুযায়ী নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। গোপনীয় সংরক্ষিত অপেক্ষমান তালিকা হতে চাকরি দেওয়ার প্রলোভনে একটি মহল চাকরি প্রত্যাশীদের নিকট হতে আর্থিক সুবিধা আদায়ে লিপ্ত রয়েছেন মর্মে অত্র দপ্তরের গোচরীভূত হয়েছে।

এমতাবস্থায় অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রত্যাশায় কারো সাথে কোনরূপ আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কারও সংশ্লিষ্টতা পাওয়া গেলে নিকটতম থানা বা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রশাসন শাখা(এলজিইডি)কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ বেলাল হোসেন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.) (প্রশাসন)

পক্ষে-প্রধান প্রকৌশলী

ফোন: ৫৮১৫১৪১০

ই-মেইল: se.admin@lged.gov.bd

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি।
- ৫। উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, বিভাগীয় নির্বাচন কমিটি।
- ৬। উপসচিব(প্রশাসন-৫ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয় ও সদস্য, বিভাগীয় নির্বাচন কমিটি।
- ৭। নির্বাহী প্রকৌশলী ও শাখা ইনচার্জ, এমআইএস ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।